পাবনায় মুন্না হত্যার বিচার দাবিতে বিক্ষোভ মিছিল

পাবনায় মুন্না হত্যার বিচার
দাবিতে বিক্ষোভ মিছিল

শহর প্রতিনিধি: পাবনা পৌর এলাকা গোবিন্দা মহল্লার বাসিন্দা বীর মুক্তিযোদ্ধা রওশন শেখের পুত্র যুবলীগ নেতা মুন্নার হত্যাকারীদের বিচার ও গ্রেফতারের দাবিতে শহরে বিক্ষোভ মিছিল ও পথসভা করেছে এলাকাবাসী।

শনিবার (৩০ জুলাই) ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান রঞ্জুর পরিচালনায় এলাকা থেকে একটি মিছিল বের হয়ে পাবনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা আওয়ামীলীগের কার্যালয়ের সামনে এসে পথ সভা অনুষ্ঠিত হয়।

মিছিলে উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক ও সাবেক ১নং ওয়ার্ডের কমিশনার আব্দুর রাজ্জাক, জেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক আলমগীর হোসেন আলম, জেলা শ্রমিকলীগের নেতা শেখ আব্দুল্লাহ, আওয়ামী লীগ নেতা রবিউল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা বিপ্লব, এড. তৌফিক ইমাম খান, সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল মামুন প্রমূখ নেতৃবৃন্দ পথসভায় বক্তব্য রাখেন।

এ সময় উপস্থিত ছিলেন যুবলীগ নেতা পিকলু, ফারুক হোসেন, কাউছার, খাইরুল ইসলাম, মাসুম। ছাত্রলীগ নেতা আব্দুল জব্বার, রিয়েল, জিকো, সজিব, হৃদয়, মিঠুসহ এলাকার ছোট বড় অনেকেই।